# Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 05 June, 2025

অন্তর্বর্তী সরকারের স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) জাহাঙ্গীর আলম চৌধুরী বলেছেন, আমি নিরাপত্তা বাহিনীর প্রধান হিসেবে দেখলাম, নিরাপত্তা পরিস্থিতি ভালো আছে।

আজ বৃহস্পতিবার গাবতলী কোরবানির পশুর হাট পরিদর্শন শেষে স্বরাষ্ট্র উপদেষ্টা সাংবাদিকদের এ কথা বলেন।

তিনি বলেন, 'আইনশৃঙ্খলা যেন এমন থাকে, এজন্য আপনাদের সবার সহযোগিতা দরকার।

এ সময় সাংবাদিকদের কাছে তিনি জানতে চান, আপনারা বলেন নিরাপত্তার কোনো ঘাটতি আছে কি না?'

স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, 'এ বছর গরুর দাম তুলনামূলক রিজনেবল।আমার মনে হলো গতবারের চেয়ে দাম একটু কম।

বড় গরু কিনতে মানুষ ভয় পাচ্ছে কেন এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, 'আগে দুর্নীতির টাকায় পকেট ভরা ছিল, এখন তো আর দুর্নীতির টাকা নাই।এজন্য বড় গরু কিনতে পারছে না।বিশেষ করে যাদের ব্ল্যাকমানি ছিল, তারা তো বড় বড় গরু কিনত, এখন তো বড় গরু কেনা ডিফিকাল্ট।

তার ভাষ্য, 'তারপরও আমাদের যাদের সৎ পয়সা আছে, তারা অনেকে বড় গরু কিনছেন।সৎ পয়সাওয়ালা বহু লোক বড় বড় ব্যবসায়ী তারা বড় গরু কিনবে।

অন্তর্বর্তী সরকার

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 07:09

URL: https://www.timestodaybd.com/bangladesh/3375775807